# এনডিপি বার্তা

সংখ্যা ২৯ । বর্ষ ১৩ । জুলাই - সেপ্টেম্বর, ২০২১


## সূ চি প ত্র


- সুইজারল্যান্ড এ্যাম্বাসির কার্যক্রম পরিদর্শন ১
- শাহাদাত বার্ষিকীতে অক্সিজেন ও মাস্ক প্রদান,
- কেয়ার বাংলাদেশ এর সৌহার্দ্য-৩ কার্যক্রম পরিদর্শন ২
- বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকীতে শিক্ষাবৃত্তি প্রদান,
- শোক দিবসে ভার্চুয়াল দোয়া ও আলোচনা ৩
- কুড়িগ্রাম ও জামালপুরে পশুখাদ্য ও ড্রাম বিতরণ,
- সমাজসেবা উপ-পরিচালক কর্তৃক কার্যক্রম পরিদর্শন,
- ঋণ সহায়তা কর্মসূচির অগ্রগতি ৪
- বঙ্গবন্ধুর শাহাদাত বার্ষিকীতে বৃক্ষরোপন কর্মসূচি,
- মানুষের জন্য ফাউন্ডেশন কর্তৃক প্রকল্প পরিদর্শন ৫
- সৌহার্দ্য-৩ কর্মসূচির 'সঞ্চয় সাথী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ',
- EES প্রকল্পের সমবায় সমিতিতে অনুদানের অর্থ হস্তান্তর,
- জুলাই-সেপ্টেম্বর ২০২১ এর প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ ৬
- SEP তাঁত প্রকল্পের দিনব্যাপি প্রশিক্ষণ,
- প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির অপারেশন সেবা ৭
- সিএসও কোয়ালিশনের মাস্ক হস্তান্তর,
- SEP ডেইরী প্রকল্পের দিনব্যাপি প্রশিক্ষণ ৮
- চাকলা শাখার উদ্যোগে শোক দিবস পালন,
- মা ও শিশু সহায়তা কর্মসূচির সমন্বয় সভা ৯
- নির্যাতনের শিকার পরিবারকে আর্থিক সহায়তা প্রদান,
- CGBV উপজেলা সোস্যাল সাপোর্ট কমিটির সভা ১০
- শতবার্ষিকীতে সমৃদ্ধি কর্মসূচির বিশেষ স্বাস্থ্য ক্যাম্প,
- শিক্ষা কর্মসুচির টেকসই উন্নয়নে তথ্য বিষয়ক আলোচনা ১১
- ৪৬তম শাহাদাত বার্ষিকীতে সমৃদ্ধি কর্মসূচির দোয়া মাহফিল,
- ICVGD প্রকল্পের অবহিতকরণ সভা ১২
- BRAZH প্রকল্পের জীবানুণাশক স্প্রে মেশিন বিতরণ,
- ৪৬তম শাহাদাত বার্ষিকীতে ফ্রি স্বাস্থ্য ক্যাম্প ১৩
- বঙ্গবন্ধু স্মরণে কবিতা,
- ৪৬তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে LRMP প্রকল্পের বৃক্ষ বিতরণ,
- CEMB প্রকল্পের কার্যক্রম ১৪
- R2iG প্রকল্পের আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস,
- চরাঞ্চলে M4C প্রকল্পের দেশি মুরগী পালন ১৫
- ৩০তম বার্ষিক সাধারণ সভা ১৬


## সম্পাদনা পরিষদ


সম্পাদক ঃ

মোঃ আলাউদ্দিন খান

নির্বাহী পরিচালক

প্রণয়নে ঃ

মোল্লা আব্দুল্লাহ আল মেহদী

ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

মোঃ জানাফার ইসলাম

সহকারী ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

প্রকাশনায় ঃ

রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)


## সুইজারল্যান্ড এ্যাম্বাসির ডেপুটি হেড কো-অপারেশন কর্তৃক এনডিপি পরিদর্শন



সুইজারল্যান্ড এ্যাম্বাসির ডেপুটি হেড অব কো-অপারেশন ও এনডিপি'র নির্বাহী পরিচালক

বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর কার্যক্রম পরিদর্শন করেছেন সুইজারল্যান্ড এ্যাম্বাসির ডেপুটি হেড অব কো-অপারেশন কোরিনী হেঞ্চোজ পিগনানী। তিনি ২১ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত পরিদর্শনে লাইভস্টক রিস্ক মিটিগেশন প্রোগ্রাম, কৈশোর কর্মসূচি এবং ঋণ সহায়তা কর্মসূচি কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। শুরুতেই তিনি এলআরএমপি প্রকল্পের আওতায় সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার বালুকোল গ্রামে গবাদি প্রাণির টিকা প্রদান ও কৈশোর কর্মসূচির মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করেন। এসময় তিনি এলআরএমপি প্রকল্পের উপকারভোগীদের সাথে মতবিনিময় করেন। এছাড়া সংস্থার বাগবাড়ী শাখায় অনুষ্ঠিত খামারীদের গবাদি প্রাণি লালনপালন বিষয়ের প্রশিক্ষণ কার্যক্রমেও তিনি উপস্থিত থাকেন। এসময় সুইচ এ্যাম্বাসির সিনিয়র প্রোগ্রাম অফিসার সৈয়দা জিনিয়া রশিদ, সুইচ কন্টাক্ট এর কান্ট্রি ডিরেক্টর মুজিবুল হাসান ও টিম লিডার আরাফাত হোসেন, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সিনিয়র জেনারেল ম্যানেজার মোঃ হাসান খালেদ ও ম্যানেজার কামরুল হাসান উপস্থিত ছিলেন।

মাঠ পর্যায়ের কার্যক্রম শেষে সংস্থার প্রধান কার্যালয়ে ফুলেল শুভেচ্ছা পরবর্তীতে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের আয়োজন করা হয়। শুভেচ্ছা প্রদান করেন এনডিপি এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। অতঃপর সংস্থার সকল কার্যক্রম সংক্ষিপ্ত আকারে তুলে ধরেন পরিচালক (পিআরএম) ড. এবিএম সাজ্জাদ হোসেন। এসময় কামারখন্দ উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ মেরিনা সুলতানা, পরিচালক (ঋন সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ, উপ-পরিচালক (কর্মসূচি) জুবায়ের জাহান খানসহ সংস্থার অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সফর শেষে সংস্থার প্রধান কার্যালয়ে চালতা (Elephant Apple) গাছের চারা রোপন করেন সুইজারল্যান্ড এ্যাম্বাসির ডেপুটি হেড অব কো-অপারেশন কোরিনী হেঞ্চোজ পিগনানী এবং রাবার (Hevea brasiliensis) গাছের চারা রোপন করেন সুইচ এ্যাম্বাসির সিনিয়র প্রোগ্রাম অফিসার সৈয়দা জিনিয়া রশিদ।

# শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে সিরাজগঞ্জ জেলা প্রশাসকের নিকট অক্সিজেন সিলিন্ডার ও মাস্ক প্রদান



সিরাজগঞ্জ জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ এর নিকট অক্সিজেন সিলিন্ডার হস্তান্তর করছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান।

উত্তরাঞ্চলের অন্যাতম বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর পক্ষ হতে সিরাজগঞ্জ জেলা প্রশাসকের মাধ্যমে ৭টি অক্সিজেন সিলিন্ডার ও এক হাজার মাস্ক হস্তান্তর করা হয়। বাংলার রাখাল রাজা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকী ''জাতীয় শোক দিবস ২০২১'' উপলক্ষ্যে মাসব্যপি কর্মসূচির অংশ হিসেবে এ সহায়তা প্রদান করা হয়।

এলক্ষ্যে ০২ আগস্ট ২০২১ সিরাজগঞ্জ জেলার সম্মানিত জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ এর নিকট অক্সিজেন সিলিন্ডার ও মাস্ক হস্তান্তর করেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। বিতরনকালে সংক্ষিপ্ত বক্তব্যে সংস্থার নির্বাহী পরিচালক বলেন, ''কোভিড-১৯ এর সূচনা লগ্ন হতেই এনডিপি বিভিন্ন সময় বিভিন্ন উপকরণ সামগ্রীসহ, নগদ অর্থ বিতরণ করে আসছে। একইসাথে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২১' যথাযোগ্য মর্যাদার সাথে পালনের জন্য মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ) এর কর্মসূচির সাথে সমন্বয় রেখে মাসব্যাপি বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। সেই কর্মসূচির অংশ হিসেবে কোভিড-১৯ এর বিস্তার রোধে মানবিক সহযোগিতা প্রদানের লক্ষ্যে এনডিপি তার নিজস্ব তহবিল এ সহায়তা প্রদান করবে।''

প্রাথমিকভাবে সিরাজগঞ্জ, নাটোর, পাবনা ও বগুড়া জেলায় ২২টি অক্সিজেন সিলিন্ডার, ৩.০০ লক্ষ মাস্ক এবং সংস্থার সাথে সম্পৃক্ত খেটে খাওয়া শ্রমজীবি ১২০০টি পরিবারের মাঝে ১,০০০ (এক হাজার) টাকা করে সর্বমোট ১২,০০,০০০ (বার লক্ষ) টাকা বিকাশের মাধ্যমে প্রদানসহ প্রায় ২০.০০ লক্ষ টাকা ও উপকরণ বিতরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। উল্লেখিত সহায়তার মধ্যে সিরাজগঞ্জ জেলার জন্য ৭টি অক্সিজেন সিলিন্ডার, ১.০০ লক্ষ পিস মাস্ক ও ৯০০টি পরিবারকে আর্থিক সহায়তা প্রদানের জন্য সর্বমোট ৯,০০,০০০ (নয় লক্ষ) টাকা বরাদ্দ রাখা হয়েছে। তিনি আরও বলেন এনডিপি'র এ ধরণের কার্যক্রম অব্যহত থাকবে। জেলা প্রশাসক মহোদয় এনডিপি'র এ ধরণের মানবিক সহায়তার ভূয়সী প্রশংসা করে বলেন করোনা ভাইরাসের বিস্তাররোধে সরকারের সাথে সাথে এনডিপি'র মত অন্যান্য প্রতিষ্ঠান গুলোর এগিয়ে আসা প্রয়োজন। এসময় জেলার ডেপুটি সিভিল সার্জন ডা. মোহা. শামসুল হক ও জেলা প্রশাসনের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাসহ এনডিপি'র পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ, উপ-পরিচালক (কর্মসূচি) জুবায়ের জাহান খান, সহকারী পরিচালক মোঃ সাইফুল ইসলাম ও জোনাল ম্যানেজার মোঃ আমিনুল ইসলাম উপস্থিত ছিলেন।

# 'কেয়ার বাংলাদেশ' এর সৌহার্দ্য-৩ কার্যক্রম পরিদর্শন

বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম এনডিপি (এনডিপি) এর কার্যক্রম পরিদর্শন করেছেন কেয়ার বাংলাদেশ এর একটি প্রতিনিধি দল। মূলত এনডিপি ২০১৬ থেকে সংস্থাটির অর্থায়নে সৌহার্দ্য কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। এর-ই ধারাবাহিকতায় ১৯ সেপ্টেম্বর ২০২১ কর্মসূচি বাস্তবায়িত সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলার গোসাইবাড়ী ইউনিয়নের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করেন দাতা সংস্থার প্রতিনিধি দল। এতে উপস্থিত ছিলেন কেয়ার বাংলাদেশ এর চিফ অফ পার্টি Mr. Marc Nosbach এবং সিনিয়র প্রোগ্রাম ডেভেলপমেন্ট কো-অর্ডিনেটর Kinga Katus ।



বক্তব্য দিচ্ছেন কেয়ার বাংলাদেশ এর চিফ অফ পার্টি Mr. Marc Nosbach

মাঠ পর্যায়ের পরিদর্শন শেষে এনডিপি'র প্রধান কার্যালয়ে মত বিনিময় সভায় অংশ গ্রহণ করেন। সভায় এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান এর সভাপতিত্বে কেয়ার বাংলাদেশ এর আরপিসি মুক্তি মজুমদার উপস্থিত ছিলেন। এছাড়াও প্রকল্পের ফোকাল পারসন ও পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল, পরিচালক (অর্থ ও হিসাব) মিলন কুমার রায়, উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান, সৌহার্দ্য-৩ কর্মসূচির ব্যবস্থাপক মো. মোস্তফা মনোয়ারসহ সংস্থার অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকীতে দরিদ্র মেধাবি ছাত্র/ছাত্রীদেরকে শিক্ষাবৃত্তি




শিক্ষাবৃত্তির চেক তুলে দিচ্ছেন সিরাজগঞ্জ জেলার সুযোগ্য পুলিশ সুপার হাসিবুল আলম, বিপিএম

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে এনডিপির শিক্ষা সহায়তা কর্মসূচির আয়োজনে দরিদ্র মেধাবি ছাত্র/ছাত্রীদের মাঝে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। সংস্থার সিএসআর ফান্ড ও ঋণ সহায়তা কর্মসূচির যৌথ অর্থায়নে সংস্থার প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ কেন্দ্রে এই শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। ২৪ মার্চ ২০২১ তারিখে বৃত্তি প্রদান অনুষ্ঠানে সংস্থার নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলার সুযোগ্য পুলিশ সুপার হাসিবুল আলম, বিপিএম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কামারখন্দ থানার অফিসার ইনচার্জ কে. এম. রাকিবুল হুদা এবং জেলা শিক্ষা অফিসের সহকারী পরিদর্শক শফিকুল ইসলাম।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এনডিপি'র পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ। স্বাগত বক্তব্যে তিনি এনডিপির কার্যক্রম সংক্ষিপ্ত আকারে তুলে ধরেন। বিশেষ করে শিক্ষা সহায়তা কর্মসূচির বিষয়ে বিস্তারিত আলোচনায় তিনি বলেন, কর্মসূচির আওতায় ছাত্র/ছাত্রীদের শিক্ষার মান বৃদ্ধির জন্য বিদ্যালয়ের পাশাপাশি ৩৭টি শিক্ষা চর্চা কেন্দ্র পরিচালিত হচ্ছে এবং প্রতি বছরের ন্যায় এবছরও পিএসসিতে ৫৪ জন, জেএসসিতে ৪৬ জন এবং বিশ্ববিদ্যায়ের ৫জন দরিদ্র মেধাবি ছাত্র/ছাত্রীদেরকে শিক্ষাবৃত্তি প্রদান করা হবে। ক্রমানুসারে পিএসসি উত্তীর্ণ শিক্ষার্থীদের ৮ম শ্রেণি পর্যন্ত প্রতি মাসে ৩০০ টাকা এবং জেএসসি উত্তীর্ণ শিক্ষার্থীদের মাধ্যমিক পর্যন্ত প্রতি মাসে ৫০০ টাকা করে শিক্ষাবৃত্তি প্রদান করা হবে। একইসাথে উচ্চ শিক্ষাবৃত্তি হিসেবে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীকে প্রতিমাসে ৩০০০ টাকা করে শিক্ষা বৃত্তি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছে বলে উপস্থিত সকলকে অবগত করেন। এসময় প্রধান অতিথি বৃত্তি প্রাপ্তদের মাঝে চেক হস্তান্তর করেন।

অনুষ্ঠানে শিক্ষাবৃত্তি প্রাপ্ত ১০ম শ্রেণির ছাত্রী এবং সিলেট বিশ্ববিদ্যালয়ের জেনেটিং ইঞ্জিনিয়ারিং বিভাগের ১ম বর্ষের ছাত্র শাহরিয়ার মামুন ও অভিভাবক মোঃ হেদায়েত আলম বক্তব্য রাখেন। বক্তব্যে এনডিপির শিক্ষাবৃত্তি তাদের অনেক উপকারে আসবে বলে জানান এবং এনডিপির এই কার্যক্রমের দীর্ঘায়ু কামনা করেন। এছাড়া প্রধান অতিথি তার দীর্ঘ বক্তব্যে শিক্ষার্থীদের বিভিন্ন দিক নির্দেশনার পাশাপাশি প্রকল্পের সফলতা কামনা করেন এবং সরকারের পক্ষ থেকে সকল সহযোগিতার আশ্বাস প্রদান করেন। অনুষ্ঠানে সংস্থার উপ-পরিচালক (এমএন্ডই) ও শিক্ষা সহায়তা কর্মসূচির ফোকাল পারসন কাজী মাসুদুজ্জামানসহ বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রী, অভিভাবক, শিক্ষক, সাংবাদিকসহ এনডিপি'র কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন ব্যবস্থাপক (প্রশিক্ষণ বিভাগ) নুরুন নাহার চৌধুরী।

## জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ভার্চুয়াল দোয়া মাহফিল ও আলোচনা সভা

সর্বকালের শ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীন বাংলার প্রধান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা ও ১৫ আগস্ট নিহত সকল শহীদদের স্মরণে ভার্চুয়াল দোয়া মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হয়। প্রতিবারের ন্যায় এবারো সংস্থা কর্তৃক জাতীয় শোক দিবস উপলক্ষ্যে মাসব্যপি বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেছে।

এর-ই ধারাবাহিকতায় ১৬ আগস্ট ২০২১ এনডিপি'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত দোয়া মাহফিল ও ভার্চুয়াল আলোচনা সভার আয়োজন করা হয়। এতে সভাপতি্ব করেন বেসরকারী সেচ্ছাসেবী সংগঠন ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর নির্বাহী পরিষদের সম্মানিত চেয়ারম্যান আলেয়া আকতার বানু।

সভার শুরুতেই শহীদদের প্রতি দোয়া পরিচালনা করেন পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল। অতপর ভার্চুয়াল সভায় উপস্থিত থেকে বঙ্গবন্ধুর জীবন আদর্শ ও তার পরিবারের অন্যান্য সদস্যদের নিয়ে স্মৃতিচারণমূলক আলোচনা করেন, মাইক্রো ক্রেডিট রেগুলেটরী অথরিটি এর এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান মোঃ ফসিউল্লাহ, সিরাজগঞ্জ জেলার সুযোগ্য জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সিনিয়র মহা-ব্যবস্থাপক ড. আকন্দ রফিকুল ইসলাম। এছাড়াও বক্তব্য রাখেন সিরাজগঞ্জ বিএমএ এর সভাপতি ডাঃ জহুরুল হক রাজা, সিরাজগঞ্জ জেলা প্রেসক্লাবের সভাপতি হেলাল আহমেদ, পিসিডি এর নির্বাহী পরিচালক শফিকুল আলম, আরচেস এর উপ নির্বাহী পরিচালক মোঃ আমিনুল ইসলাম জুয়েলসহ অন্যান্য ব্যক্তিবর্গ।

এছাড়া সভায় উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলায় কর্মরত সিএসও এ্যালায়েন্সভুক্ত ১৮টি বেসরকারী উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালকবৃন্দ, প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ এনডিপি'র নির্বাহী পরিষদ, সাধারণ পরিষদ ও কর্মরত কর্মকর্তাবৃন্দ। বঙ্গবন্ধুর ৪৬তম শাহাদৎ বার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত সভাটি পরিচালনা করেন সিরাজগঞ্জ জেলা এনজিও সমন্বয় পরিষদ এর সভাপতি, এনডিপি'র প্রতিষ্ঠাতা এবং নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান।

এনডিপি বার্তা
সংখ্যা ২৯ । বর্ষ ১৩ । জুলাই - সেপ্টেম্বর, ২০২১

## কুড়িগ্রাম ও জামালপুরে পশুখাদ্য ও ড্রাম বিতরণ



সহায়তা তুলে দিচ্ছেন প্রাণিসম্পদ অধিদপ্তর এর মহা পরিচালক ড. মোঃ শেখ আজিজুর রহমান

Food and Agriculture Organisation (FAO) এর সহায়তায় ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর উদ্যোগে কুড়িগ্রাম ও জামালপুর জেলায় গবাদিপশুর দানাদার খাবার ও ড্রাম বিতরণ করা হয়েছে। সংস্থা কর্তৃক বাস্তবায়িত Protecting Livelihoods Assets through Anticipatory Actions in Flood Prone Communities in Northern Bangladesh (OSRO/BGD/103/BEL) প্রকল্পের আওতায় এ সহায়তা প্রদান করা হয়। প্রকল্পটি জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা এর আর্থিক সহায়তায় কুড়িগ্রাম জেলার চিলমারী ও কুড়িগ্রাম সদর উপজেলা এবং জামালপুর জেলার দেওয়াগঞ্জ ও ইসলামপুর উপজেলায় বাস্তবায়ন করা হচ্ছে।

কার্যক্রমের অংশ হিসেবে ১০ সেপ্টেম্বর, ২০২১ চিলমারী উপজেলার চিলমারী সদর ইউনিয়নের ৫২০টি বন্যাকবলিত দরিদ্র কৃষকদের মাঝে ৫০ কেজি করে গবাদিপশুর দানাদার খাদ্য বিতরণ করা হয়। পর্যায়ক্রমে কুড়িগ্রাম ও জামালপুর জেলার ৪টি উপজেলার ৮টি ইউনিয়নের ৩,৬৯৫টি দরিদ্র পরিবারের মাঝে গবাদিপশুর খাবার ও ২,৫২০টি পরিবারের মাঝে ড্রাম বিতরণ করা হবে।

বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাণিসম্পদ অধিদপ্তর এর মহা পরিচালক ড. মোঃ শেখ আজিজুর রহমান। এছাড়াও পরিচালক ডিএলএস ড. মোঃ ইসমাইল হক, কুড়িগ্রাম জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ড. মোঃ আব্দুর হাই সরকার, চিলমারী উপজেলা নির্বাহী অফিসার মাহবুর রহমান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মোহাম্মদ রাশিদুল হক, চিলমারী সদর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ গয়ছল আজম, খাদ্য ও কৃষি সংস্থা প্রতিনিধি মোঃ বাবুল হোসেন সরকার, প্রকল্প সমন্বয়কারী মোঃ জহুরুল ইসলাম, জেলা সমন্বয়কারী শাহজাহন আলী ও ফিল্ড কো-অর্ডিনেটর মোহাম্মদ মনোয়ার হোসেন উপস্থিত ছিলেন।

## সমাজসেবা উপ-পরিচালক কর্তৃক কার্যক্রম পরিদর্শন

বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর কার্যক্রম পরিদর্শন করেন সিরাজগঞ্জ জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক মোঃ তৌহিদুল ইসলাম। ০৬ সেপ্টেম্বর ২০২১ সংস্থা কর্তৃক বাস্তবায়িত জেন্ডার সহিংতা প্রতিরোধ ও মোকাবেলা প্রকল্প, কৈশোর কর্মসুচি ও ঋণ সহায়তা কর্মসুচির কার্যক্রম পরিদর্শন করেন। শুরুতেই সিরাজগঞ্জ সদর উপজেলার কালিয়াহরিপুর ইউনিয়নের সরকার পাড়া গ্রামে জেন্ডার সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা প্রকল্পের নারী, পুরুষ, যুব ও কিশোর-কিশোরী দলের কার্যক্রম পরিদর্শন করেন। উপস্থিত সদস্যদের সাথে কার্যক্রম সম্পর্কে আলোচনার প্রেক্ষিতে তিনি বলেন, সদস্যরা এনডিপি'র সাথে সম্পৃক্ত হওয়ার পুর্বে সরকারি সেবার অনেক বিষয়ে অজ্ঞ ছিল, এখন তারা বেশ সচেতন। বিশেষ করে নারীর প্রতি সহিংসতা রোধ, বাল্যবিবাহ টোল ফ্রি বিভিন্ন নম্বর এর ব্যবহার বিষয়ে বেশ সচেতন। এই দলের সদস্যগণ বেশ কিছু বাল্যবিবাহ বন্ধ করেছেন যা আশাব্যঞ্জক। এছাড়াও মাস্ক পরিধান, মাস্কের ব্যবহার, করোনা সচেতনতা বিষয়ে কথা বলেন।

অতপর ঝাঐল ইউনিয়নের চাঁদপুর গ্রামের ঋন সহায়তা কর্মসুচীর করতোয়া মহিলা সমিতির কার্যক্রম পরিদর্শন পরবর্তীতে কামারখন্দ উপজেলার বালুকোল গ্রামে বাস্তবায়িত সংস্থার কৈশোর কর্মসূচির মাঠ পর্যায়ের কার্যক্রম পর্যবেক্ষণ করেন। এসময় সমাজসেবা কার্যালয়ের সহাকারী পরিচালক মোঃ মনিরুল ইসলাম ও ডাটা এন্ট্রি অফিসার আব্দুর রউফ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বালুকোল কিশোর-কিশোরী ক্লাবের সদস্যবৃন্দ স্বরচিত কবিতা ও বাল্যবিবাহের কূফল সম্পর্কে নাটিকা উপস্থাপন করেন। এসময় প্রধান অতিথি এধরণের কার্যক্রম বাস্তবায়ন করায় এনডিপি'র ভূয়সি প্রশংসা করেন একইসাথে ক্লাবের পরিধি বৃদ্ধি করার পরামর্শ প্রদান করেন। উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশ্য করে তিনি নিয়মিত পাঠ্যবই পড়ার পাশাপাশি বিভিন্ন গল্প-উপন্যাসের বই পড়ার আহবান জানান। অনুষ্ঠানে এনডিপি'র সিনিয়র প্রকল্প কর্মকর্তা মোঃ ফজল করিম, সহাকারী ব্যবস্থাপক (প্রতিবন্ধীতা ও উন্নয়ন কর্মসূচি) শিপন চন্দ্র নাগ ও সহকারী ব্যবস্থাপক (আরএন্ডডি) মোঃ জানাফার ইসলাম উপস্থিত ছিলেন।



পুরস্কার তুলে দিচ্ছেন সিরাজগঞ্জ জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক মোঃ তৌহিদুল ইসলাম

## এক নজরে এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির অগ্রগতি

এনডিপি উন্নয়ন সহযোগি সংস্থার সাথে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করার পাশাপাশি ১৯৯২ সাল থেকে ঋণ সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছে। কর্মসূচিটি এনডিপি নিজস্ব ও পিকেএসএফ এর অর্থায়নে ৭৫টি শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে। এনডিপি কর্তৃক অর্জিত কর্মসূচিটির বর্তমান চিত্র নিচের ছকে তুলে ধরা হলো;

| ক্রঃ নং | বিবরণ | সেপ্টেম্বর' ২০২১ | ক্রঃ নং | বিবরণ | সেপ্টেম্বর' ২০২১ | ক্রঃ নং | বিবরণ | সেপ্টেম্বর' ২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | শাখার সংখ্যা | ৭৫ | ৯ | মোট বকেয়া (কোটি টাকায়) | ৮.৬১ | ১৭ | কর্মী ঃ ঋণী সদস্য | ১:২৪০ |
| ২ | মোট সদস্য (জন) | ১০৭১৬৬ | ১০ | ঋণ আদায়ের হার | ৯৯.৬৯% | ১৮ | সমিতি ঃ সদস্য | ১:১৬ |
| ৩ | ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরন (কোটি টাকায়) | ৩১২৮.৫৫ | ১১ | On Time Realization (OTR) | ৯৮.৩৯% | ১৯ | সমিতি ঃ ঋণী সদস্য | ১:১২ |
| ৪ | ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় (কোটি টাকায়) | ২৮২২.৬২ | ১২ | Liquidity Ratio | ১২.৭৮% | ২০ | কর্মী ঃ ঋণ স্থিতি (লাখ টাকায়) | ১:৯২.১৪ |
| ৫ | ঋণ স্থিতি (কোটি টাকায়) | ৩০৫.৯৪ | ১৩ | Port folio At Risk | ৪.৭৪% | ২১ | কর্মী ঃ সঞ্চয় স্থিতি (লাখ টাকায়) | ১:২৯.০৭ |
| ৬ | সদস্যদের সঞ্চয় স্থিতি (কোটি টাকায়) | ৯৬.৫৩ | ১৪ | Delinquent Ratio | ২.৮১% | ২২ | ষ্টাফ ঃ ঋণী সদস্য | ১:১৩৩ |
| ৭ | ক্রমপুঞ্জিভূত নীট তহবিল (কোটি টাকায়) | ১৪৩.২৮ | ১৫ | Debt : Equity | ১.৫০:১ | | | |
| ৮ | ঋণী কভারেজ | ৭৪.২৬% | ১৬ | কর্মী ঃ সদস্য | ১:৩২৩ | | | |

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে বৃক্ষরোপণ কর্মসূচি

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদৎ বার্ষিকী উপলক্ষ্যে মাসব্যাপী কর্মসূচির অংশ হিসেবে বৃক্ষ রোপণ ও বিতরণ করা হয়। ধারাবাহিক এ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। ১৭ আগষ্ট (মঙ্গলবার) উদ্বোধনী অনুষ্ঠানে ৭৪০টি ভিয়েতনামি মাল্টা চারা, ৫৫০টি কাটিমন আমের চারা, ৬০০টি উন্নত জাতের লটকন, ৮৩০টি থাই পেয়ারা, ৯৭০টি লেবু (সিডলেস) ও ২০টি ভুটান কমলাসহ সর্বমোট ৩৭১০টি চারা বিতরণ করা হয়। মূলত এনডিপি কর্তৃক বাস্তবায়িত কৃষি সম্প্রসারণ কর্মসূচির সহায়তায় ৪৫ জন দরিদ্র কৃষকের মাঝে বশত বাড়িতে সবজি ও ফলমূল চাষের লক্ষ্যে চারা বিতরণ করা হয়। এসময় তিনি যথাযতভাবে চারা রোপণ ও নিয়মিত পরিচর্যা করতে উৎসাহ প্রদান করেন এবং সংস্থার পক্ষ হতে এসকল কার্যক্রম অব্যহত থাকবে বলে উপস্থিত সকলকে অবহিত করেন।




গাছের চারা বিতরণ করছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান।

গাছের চারা বিতরণের সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সংস্থার ঋণ সহায়তা কর্মসূচির পরিচালক মোসলেম উদ্দিন আহমেদ, উপ-পরিচালক (কর্মসূচি) জুবায়ের জাহান খান, কৃষি সম্প্রসারণ কর্মসূচি এর প্রকল্প সমন্বয়কারী আব্দুল হালিমসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ। উল্লেখ্য পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে এনডিপি ২০১৩ থেকে দরিদ্র কৃষকের আয় বৃদ্ধিকরণের লক্ষ্যে কৃষি সম্প্রসারণ কর্মসূচি বাস্তবায়ন করে আসছে।

## মানুষের জন্য ফাউন্ডেশন এর প্রতিনিধিবৃন্দ কর্তৃক প্রকল্প পরিদর্শন



উপস্থিত আছেন মানুষের জন্য ফাউন্ডেশন এর প্রতিনিধিবৃন্দ ও এনডিপি'র নির্বাহী পরিচালক

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর কার্যক্রম পরিদর্শন করেন মানুষের জন্য ফাউন্ডেশন এর একটি দল। জেন্ডার এ্যাডভাইজার বনশ্রী মিত্র নিয়োগী এর নেতৃত্বে টিমে উপস্থিত ছিলেন প্রোগ্রাম ম্যানেজার সোমা দত্ত, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার আহসানুল ওয়াহেদ। ২১ সেপ্টেম্বর ২০২১ তারিখে সিরাজগঞ্জ সদর উপজেলার কালিয়াহরিপুর ইউনিয়নে এনডিপি বাস্তবায়িত সিজিবিভি প্রকল্পের নারী দল, অগ্রগামী কিশোর-কিশোরী দলের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করেন। একইসাথে প্রকল্পের আওতাভুক্ত উপকারভোগী এবং উপজেলা ও ইউনিয়ন সোস্যাল সাপোর্ট কমিটির সদস্যবৃন্দের সাথে মতবিনিময় করেন।

২২ সেপ্টেম্বর সংস্থার প্রধান কার্যালয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে এনডিপি বাস্তবায়িত জলবায়ু পরিবর্তনের সাথে সম্পৃক্ত কর্মসুচীর বিভিন্ন কার্যক্রম উপস্থাপন করেন সংস্থার পরিচালক (কর্মসুচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল। পরবর্তীতে এনডিপি বাস্তবায়িত সৌহার্দ্য-৩ কর্মসূচির কার্যক্রম পরিদর্শনের জন্য বেলকুচি উপজেলার পুর্ব রান্ধুনিবাড়ি গ্রামকে চিহ্নিত করা হয়। এসময় প্রকল্পের উপকারভোগীদের সাথে দলের কাজ, নাগরিক সেবা, সেবা প্রাপ্তিতে সমস্যা, বন্যার সময় নারী এবং কিশোরীরা কোন ধরনের সহিংসতার শিকার হয়, সঞ্চয় রাখার পদ্ধতি এবং বন্যাকালীন সময়ে তা কাজে লাগানোর উপায়, সহিংসতার শিকার হলে সমাধানের উপায় ইত্যাদি বিষয়ে দলের সদস্যদের সাথে মতবিনিময় করেন।

এরপর সিরাজগঞ্জ সদর উপজেলার সয়দাবাদ ইউনিয়নের জেন্ডার সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা প্রকল্পের নারী দল, কিশোর-কিশোরী দল ও সারভাইভার সাপোর্ট এর আওতায় ৬ জন উপকারভোগীর সাথে মত বিনময় করেন। এছাড়া সিরাজগঞ্জ পৌরসভায় জিআইজেড এর অর্থায়নে পরিচালিত ইউএমআইএমসিসি প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন ও উপকারভোগীদের সাথে মতবিনিময় করেন। মাঠ পর্যায়ে কার্যক্রম শেষে ২৩ সেপ্টেম্বর এনডিপি'র প্রধান কার্যালয়ে এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান, পরিচালক (কর্মসূচী) মোহা. শাহ্ আজাদ ইকবালসহ সিজিবিভি প্রকল্পের ষ্টাফদের সাথে অভিজ্ঞতা বিনিময় করেন।

# সৌহার্দ্য-৩ কর্মসূচি'র "সঞ্চয় সাথী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ"



দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে দিক নির্দেশনামূলক বক্তব্য দিচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান

বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্তৃক বাস্তবায়িত সৌহার্দ্য-৩ কর্মসূচির উদ্যোগে "সঞ্চয় সাথী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ" এর আয়োজন করা হয়। কেয়ার বাংলাদেশ ও ইউএস এইড এর আর্থিক ও কারিগরি সহায়তায় বাস্তবায়িত সৌহার্দ্য কর্মসূচি ২০১৬ থেকে বাস্তবায়িত হয়ে আসছে। সিরাজগঞ্জ জেলার বেলকুচি, চৌহালি ও শাহ্জাদপুর উপজেলায় মানুষের জীবনমান উন্নয়নের লক্ষ্যে প্রকল্পটি কাজ করে যাচ্ছে। এর-ই ধারাবাহিকতায় ২৬-৩০ সেপ্টেম্বর ২০২১ এনডিপি এর প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ কেন্দ্রে ৫দিন ব্যাপি সঞ্চয় সাথী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এর আয়োজন করা হয়। এতে ১৪ জন সঞ্চয় সাথীসহ প্রকল্পের ১৬ জন কর্মী অংশগ্রহণ করেন। এ লক্ষ্যে ২৬ সেপ্টেম্বর ২০২১ প্রশিক্ষণ কর্মসূচির শুভ উদ্বোধন করেন এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। এসময় তিনি কর্মসূচি কর্তৃক বাস্তবায়িত চলমান কার্যক্রমের খোঁজ খবর নেন এবং কর্মসুচির কার্যক্রম বেগবান করতে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। ৫ দিনব্যাপি দক্ষতা উন্নয়ন সেমিনারে প্রশিক্ষণ প্রদান করেন কেয়ার বাংলাদেশ, অব ফার্ম লাইভলিহুড এন্ড ফিন্যান্সিয়াল ইনকুশন এর সিনিয়র টেকনিক্যাল ম্যানেজার শারমিনা খাতুন। এছাড়াও অনুষ্ঠানে এনডিপি'র পরিচালক (কর্মসূচি) ও কর্মসূচির ফোকাল পারসন মোহা. শাহ্ আজাদ ইকবাল ও প্রকল্প ব্যবস্থাপক (সৌহার্দ্য-৩) মোঃ মোস্তফা মনোয়ারসহ সংস্থার অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

# EES প্রকল্পের সমবায় সমিতিতে অনুদানের অর্থ হস্তান্তর

সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ ও উল্লাপাড়া উপজেলায় 'গরু ও ছাগলের বাজার ব্যবস্থাপনা শক্তিশালীকরণের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন' (ইইএস) প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। হেইফার ইন্টারন্যাশনাল বাংলাদেশের আর্থিক ও কারিগরী সহায়তায় এবং এনডিপি'র দক্ষ ব্যবস্থাপনায় প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। মূলত দরিদ্র মানুষের জীবনমান উন্নয়নের লক্ষ্যে আয় বৃদ্ধিকরণে বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও তা বাস্তবায়ন করা হয়ে থাকে। কার্যক্রমের অংশ হিসেবে প্রকল্পের মাধ্যমে গঠনকৃত ০৫টি সমবায় সমিতিতে মোট ৩৪.৭২ (লক্ষ) টাকা হস্তান্তর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ঘুড়কা বাঙ্গালী মহিলা সমবায় সমিতি, চান্দাইকোনা আলো মহিলা সমবায় সমিতি, ধানগড়া ধানসিঁড়ি মহিলা সমবায় সমিতি, পাঙ্গাসী শাপলা মহিলা সমবায় সমিতি এবং ব্রহ্মগাছা রজনীগন্ধা মহিলা সমবায় সমিতিতে এ অর্থ প্রদান করা হয়।



অনুদান প্রদান করছেন রায়গঞ্জ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান নিষ্কৃতি দাশ

১৭ আগষ্ট' ২০২১ প্রকল্প অফিসে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রায়গঞ্জ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান নিষ্কৃতি দাশ। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন প্রকল্প সমন্বয়কারী আবু আনেশ ইউসুফ। এসময় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন , সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মসূচীর সহযোগী হিসেবে এনডিপি শুরু থেকেই কাজ করে যাচ্ছে। একইসাথে তিনি সমবায় সমিতি গঠন ও পরিচালনা করার জন্য এনডিপি'র ইইএস প্রকল্প ও হেইফার ইন্টারন্যাশনাল বাংলাদেশকে ধন্যবাদ জানান এবং সমবায় সমিতির ভবিষ্যৎ কার্যক্রমের সফলতা কামনা করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ৫টি সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির নেত্রীবৃন্দ, সমবায় সমিতির মাঠ পর্যায়ের কর্মীবৃন্দ এবং ইইএস প্রকল্পের কর্মকর্তাগণ।

# জুলাই-সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু বা শেষ হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ০১. | Anticipatory Action for 2021 Monsoon Floods in Bangladesh | World Food Programme (WFP) | সিরাজগঞ্জ জেলার ৯টি উপজেলা | ২০ মে ২০২১ থেকে ৩১ জুলাই ২০২১ | মৌসুমি বন্যায় ক্ষতিগ্রস্থ পরিবারকে সহায়তার লক্ষ্যে বিকাশের মাধ্যমে অর্থ প্রদান করা। |

এনডিপি বার্তা
সংখ্যা ২৯ । বর্ষ ১৩ । জুলাই - সেপ্টেম্বর, ২০২১

## SEP তাঁত প্রকল্পের দিনব্যাপি প্রশিক্ষণ অনুষ্ঠিত

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট-এসইপি এর আওতায় বাস্তবায়নাধীন উপ-প্রকল্প ''সিরাজগঞ্জ জেলার তাঁত উদ্যোগে পরিবেশগত সমস্যাসমূহ বিবেচনায় রেখে গুণগত মান সম্পন্ন ঐতিহ্যবাহী বাঙ্গালী পোষাকের উৎপাদন বৃদ্ধি প্রকল্প'' এর সংশ্লিষ্ট কর্মকর্তা ও ক্ষুদ্র ঋণ কার্যক্রম বাস্তবায়নকারী কর্মকর্তা-কর্মীদের নিয়ে প্রকল্প বিষয়ক দক্ষতা উন্নয়ন শীর্ষক প্রশিক্ষণ এনডিপি'র প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। দিনব্যপি প্রশিক্ষণের ১ম পর্বে উপস্থিত হয়ে এনডিপি এর পরিচালক (ক্ষুদ্র ঋণ কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ প্রকল্পের সফল বাস্তবায়নে দিক নির্দেশনা মূলক বক্তব্য প্রদান করে প্রশিক্ষণের শুভ উদ্বোধন ঘোষনা করেন। ২য় পর্বে এনডিপি'র উপ-পরিচালক (কর্মসূচী) জুবায়ের জাহান খান প্রশিক্ষণ মূল্যায়ন ও সমাপ্তি সেশনে উপস্থিত থেকে তিনি তাঁর দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। এছাড়াও এনডিপি'র ঋণ সহায়তা কার্যক্রমের সহকারী পরিচালক মোঃ সাইফুল ইসলাম ও জোনাল ম্যানেজার মোঃ আমিনুল ইসলাম প্রশিক্ষণে উপস্থিত থেকে ঋণ কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের বিভিন্ন কৌশল আলোচনা করেন। এসইপি প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক মোঃ আশরাফুজ্জামান প্রকল্প সংক্রান্ত বিস্তারিত ধারণা প্রদান করেন। রিপোর্টিং এন্ড ডকুমেন্টেশন অফিসার মোঃ মাসুম বিল্লাহ্ রিপোর্টিং নিয়ে বিস্তারিত আলোচনা করেন। এম আই এস এর উপ-ব্যবস্থাপক মোঃ আনোয়ার হোসেন এম আই এস রিপোর্টিং নিয়ে আলোচনা করেন। পরিবেশ কর্মকর্তা জাহিদুল ইসলাম তাঁত উদ্যোগের পরিবেশগত বিষয় সমূহ এবং টেকনিক্যাল অফিসার সাখাওয়াত হোসেন ব্যবসা ও ব্র্যান্ডিং নিয়ে আলোচনা করেন। প্রকল্পের ফাইন্যান্স ও প্রকিইরমেন্ট অফিসার সুকান্ত গোলদার প্রশিক্ষণে সফল সমাপ্তিতে সকল সহযোগিতা প্রদান করেন। প্রশিক্ষণে এসইপি সংশ্লিষ্ট ৮টি শাখার (দৌলতপুর, বেলকুচি, তামাই, সয়দাবাদ, বাগবাড়ি, কাটাখালী, ফুলকোচা ও বাগবাটি) কর্মকর্তা ও মাঠকর্মী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ থেকে অর্জিত জ্ঞান মাঠ পর্যায়ে সফলভাবে প্রয়োগের মাধ্যমে প্রকল্পের সফল বাস্তবায়নের আহবান জানানো হয়। প্রশিক্ষণ পরিচালনা করেন এসইপি প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক মোঃ আশরাফুজ্জামান।



বক্তব্য দিচ্ছেন এনডিপি'র উপ-পরিচালক (কর্মসূচি) জুবায়ের জাহান খান

## প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচি'র কাটা ঠোঁট ও কাটা তালু অপারেশন

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির সহযোগিতায় স্মাইল ট্রেইন কিফিট প্রজেক্ট আমেরিকান এর অর্থায়নে কাটা ঠোঁট কাটা তালু অপারেশন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। ১২ আগষ্ট ২০২১ আভিসিনা হাসপাতালে অপারেশন পরিচালনা করা হয়। আভিসিনা হাসপাতাল এর সার্বিক তত্ত্বাবধানে কাটা ঠোঁট কাটা তালু অপারেশন কার্যক্রমে শাহজাদপুর উপজেলার মোঃ সিরাজুল ইসলাম, বয়স ৩৫, রায়গঞ্জ উপজেলার মোঃ সোহান সেখ বয়স ৩ মাস, কামারখন্দ উপজেলার মোছাঃ মিনা বেগম বয়স ৩৮ এবং বেলকুচি উপজেলা হতে মোছাঃ ইশা মনি বয়স ৬ মাসসহ সিরাজগঞ্জ জেলার প্রতিটি উপজেলার বিভিন্ন গ্রাম হতে এনডিপির প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির উপকারভোগী কাটা ঠোঁট কাটা তালু এ আক্রান্ত ৪৫জন নারী, শিশু ও বয়স্ক ব্যক্তিদের কাটা ঠোঁট কাটা তালু অপারেশন করানো হয়।


কর্মসূচি হতে সুবিধা প্রাপ্ত উপকারভোগীবৃন্দ

অপারেশন পরিচালনা করেন অধ্যাপক ডাঃ মোঃ শহিদুল বারী, সাবেক বিভাগীয় প্রধান, বার্ন এন্ড প্লাস্টিক সার্জারী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ এবং সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা। প্রোগ্রামটি সফল করার জন্য সার্বিকভাবে সহযোগিতা করেন এনডিপির প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির ফোকাল পারসন এবং উপ-পরিচালক কাজী মাসুদুজ্জামান এবং ব্যবস্থাপক (প্রশিক্ষণ বিভাগ) নুরুন নাহার চৌধুরী। কার্যক্রমে উপস্থিত ছিলেন মোঃ ওসমান গনি, প্রজেক্ট কোর্ডিনেটর, স্মাইল ট্রেইন কিফিট প্রজেক্ট, মোঃ মোকারম হোসেন, পরিচালক, সমন্বিত প্রমিলা মুক্তি প্রচেষ্টা, রাজবাড়ী এবং শিপন চন্দ্র নাগ, সহকারী ব্যবস্থাপক, প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচি, এনডিপি।

অপারেশন এর ফলে প্রতিবন্ধী ও অভিভাবকের মধ্যে সুখের হাসি ফুটছে। তারা অন্যান্যদের মতো স্বাভাবিক জীবন যাপনের স্বপ্ন দেখছে এবং এই কার্যক্রমের সাথে যারা জড়িত তাদের সকলের দীর্ঘায়ু কামনা করেন।

NDP এনডিপি বার্তা
সংখ্যা ২৯ । বর্ষ ১৩ । জুলাই - সেপ্টেম্বর, ২০২১

# সিএসও কোয়ালিশন কর্তৃক সদর উপজেলা নির্বাহী অফিসার এর নিকট মাস্ক হস্তান্তর



সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা মোঃ আনোয়ার পারভেজ এর নিকট মাস্ক হস্তান্তর

সিএসও কোয়ালিশন কর্তৃক সিরাজগঞ্জ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট মাস্ক হস্তান্তর করা হয়েছে। ১১ সেপ্টেম্বর ২০২১ কোয়ালিশনের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী এ বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়। সভায় কোয়ালিশনের সভাপতি ও লিড সংস্থা এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান এর দিক নির্দেশনা অনুযায়ী ইউএনডিপি হতে সরবরাহকৃত ১০০০টি মাস্কের ২০০টি মাস্ক প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সেই মোতাবেক ১৪ সেপ্টেম্বর (মঙ্গলবার), উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে মাস্ক বিতরন কার্যক্রম অনুষ্টিত হয়। উক্ত অনুষ্টানে ২০০ টি মাস্ক সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা মোঃ আনোয়ার পারভেজ এর নিকট হস্তান্তর করেন সিএসও কোয়ালিশন সিরাজগঞ্জের সদস্যগণ।

মাস্ক হস্তান্তর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর উপজেলা নির্বাহী অফিস এর সার্টিফিকেট সহকারী মোঃ জহুরুল ইসলাম খান, পিডাব্লিউডি এর নির্বাহী পরিচালক হুসনে আরা জলি, এমডিপি এর নির্বাহী পরিচালক মোঃ আসলাম সেখ, দীপ সেতু এর মাঠ সমন্বয়কারী এসএম শহীদুল ইসলাম, এবং এনডিপি এর সহকারী ব্যবস্থাপক (প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচি) শিপন চন্দ্র নাগ। বিতরণ অনুষ্ঠানে মোঃ আনোয়ার পারভেজ, উপজেলা নির্বহী কর্মকর্তা সিএসও কোয়ালিশনের প্রশংসা করেন এবং কোয়ালিশনের সফলতা কামনা করেন।

# SEP-ডেইরী প্রকল্পের দিনব্যাপী প্রশিক্ষণ

"বাংলাদেশে যমুনা নদী বাহিত উত্তরাঞ্চলের ডেইরী বিজনেজ কাস্টারকে নিরাপদ দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য উৎপাদনের জন্য পরিবেশ উন্নয়নের অনুশীলন প্রচার করা "উপ- প্রকল্পটি সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি-ডেইরি) প্রকল্পের আওতায় বাস্তবায়ন করা হচ্ছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহযোগিতায় ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) সিরাজগঞ্জ জেলার ২টি উপজেলার ৭টি ইউনিয়নে ৪৫ টি গ্রামের ৩০০০ উপকারভোগীকে নিয়ে কাজ করে যাচ্ছে। পরিবেশ বান্ধব আধুনিক প্রযুক্তি গ্রহনের মাধ্যমে প্রতিযোগিতা মূলক ডেইরী উদ্যোক্তাদের শক্তিশালী করা এবং দুগ্ধজাত পণ্য উচ্চ মূল্যের বাজারে প্রবেশের সহযোগিতা করাই প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। এছাড়া গাভীর মৃত্যুহার হ্রাস এবং দুধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে উদ্যোক্তাদের আয় বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

কর্মসূচির অংশ হিসেবে ২৪ আগস্ট ২০২১ শাহজাদপুর উপজেলার প্রাণিসম্পদ অফিস কক্ষে এলএসপিদের নিয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ গৌরাঙ্গ কুমার তালুকদার প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন। প্রশিক্ষণে ডাঃ গৌরাঙ্গ কুমার তালুকদার পরিবেশ বান্ধব ও আরামদায়ক বাসস্থান নির্মাণের কৌশল, গাভীর জন্য দানাদার খাবারের গুরুত্ব, গাভীর জাত উন্নয়নে কৃত্রিম প্রজননের ভুমিকা, উচ্চ ফলনশীল ঘাস চাষের গুরুত্ব, ঘাস চাষ পদ্ধতি এবং রোগ প্রতিরোধের ক্ষেত্রে টিকা প্রদানের প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করেন। বর্জ্য ব্যবস্থাপনার গুরুত্ব সম্বন্ধে বলেন, বর্তমানে লাম্পি স্কিন ডিজিজ, এফিমিরাল ফিভার ইত্যাদি মশা-মাছির উপদ্রপে হয়ে থাকে। কাজেই বর্জ্য ব্যবস্থাপনা এবং বায়োসিকিউরিটির উপর গুরুত্ব দেওয়ার ব্যাপারে পরামর্শ দেন এবং এন্টিবায়োটিকের ব্যবহার সীমিত করার ব্যাপারে বিশেষভাবে নির্দেশ দেন।



বক্তব্য দিচ্ছেন অনুষ্ঠানের প্রধান অতিথি জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডাঃ গৌরাঙ্গ কুমার তালুকদার

উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ মিজানুর রহমান তার বক্তব্যে মাঠ পর্যায়ে গাভীর রিপিট ব্রিডিং কেন হচ্ছে তার বিস্তারিত বর্ণনা করেন। গাভীর রিপিট ব্রিডিং দূর করার সহজ উপায় সম্বন্ধে বলেন, গাভীর হিট অনুযায়ী নির্দিষ্ট সময়ে কৃত্রিম প্রজনন করানো, সারা বছর কাচা ঘাস খাওয়ানোর ব্যবস্থা করা, গাভীর পুষ্টির ঘাটতি দূর করা এবং নিয়মিত গাভীকে হাঁটা চলার ব্যবস্থা করতে পারলে এই সমস্যা অনেকাংশে দূর করা সম্ভব হবে। এছাড়াও প্রশিক্ষণে উপস্থিত ছিলেন প্রকল্পের ব্যবস্থাপক মোঃ আব্দুল মালেক আকন্দ, শাহজাদপুর শাখা ব্যবস্থাপক মোঃ গোলাম ফারুক, প্রকল্পের লাইভস্টক অফিসার ডাঃ মোঃ তৌফিকুল হকসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## চাকলা শাখার উদ্যোগে জাতীয় শোক দিবস পালন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদৎ বার্ষিকী উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের ন্যায় এনডিপি তা বাস্তবায়ন করে আসছে। মাসব্যপি এ আয়োজনে সংস্থা কর্তৃক বাস্তবায়িত প্রত্যেক কর্মসূচি/প্রকল্প হতে স্ব স্ব পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করছে। সংস্থার নিজস্ব তহবিল হতেই এসকল কর্মসূচি গ্রহণ করা হয়েছে। পরিকল্পনা অনুযায়ী ঋণ সহায়তা কর্মসূচির ৭৫টি শাখায় শোক দিবসে দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে। মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ) এর কর্মসূচির সাথে সমন্বয় রেখেই এ পরিকল্পনা প্রণয়ন করা হয়।



শাহাদৎ বার্ষিকী উপলক্ষ্যে দোয়া মাহফিল এর অংশ বিশেষ

এর-ই ধারাবাহিকতায় সংস্থার ঋণ সহায়তা কর্মসূচির চাকলা শাখার উদ্যোগ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। মাহফিলে ১৫ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা ও নিহত সকল শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা ও তাদের আত্মার শান্তি কামনা করা হয়। দোয়া মাহফিলে এলাকার গণ্যমান্য ব্যাক্তিবর্গ, যুবক, শিশু-কিশোরী ও অত্র শাখার কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## মা ও শিশু সহায়তা কর্মসূচি'র সমন্বয় সভা

জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচির কারিগরি সহযোগিতায় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন মা ও শিশুসহায়তা কর্মসুচি বাস্তবায়িত হচ্ছে। ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)'র কৌশলগত সহযোগিতায় গংগাচড়া উপজেলার ৯ টি ইউনিয়নে দরিদ্র গর্ভধারীনি মায়েদের নিয়ে ২০১৯ সাল থেকে কাজ করে আসছে।



ত্রৈমাসিক সভার অংশ বিশেষ

প্রকল্প বাস্তবায়নের অংশ হিসেবে ইউনিয়ন পরিষদ তথ্য কেন্দ্রের উদ্যোক্তা এবং আর্থিক সেবাদানকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিদের নিয়ে ত্রৈমাসিক সভার আয়োজন করা হয়। রংপুর জেলার গংগাচড়া ও রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলায় প্রকল্প কার্যালয়ে পৃথক সভা ২টি অনুষ্ঠিত হয়। সভায় দরিদ্র গর্ভধারীনি মায়েদের বিভিন্ন হয়রানির শিকার থেকে রক্ষা, ইউনিয়ন পরিষদ সেবা গ্রহণে সহায়তা, আর্থিক সেবাদানকারী প্রতিষ্ঠানে সহজশর্তে নির্ভুলভাবে হিসাব খোলা এবং জি টু পি পদ্ধতিতে অর্থ প্রাপ্তিতে সহযোগিতা ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়।

পৃথক ২টি সভায় মূল ভূমিকা পালন করেন উভয় উপজেলার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। এছাড়া গোদাগাড়ী উপজেলার সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় উপস্থিত থেকে অংশগ্রহনকারীদের সঠিক নির্দেশনা প্রদান করেন।

# নির্যাতনের শিকার পরিবারকে আর্থিক সহায়তা প্রদান



সহায়তা তুলে দিচ্ছেন এনডিপি'র উপ-পরিচালক জুবায়ের জাহান খান

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর পক্ষ হতে ধর্ষিতার পরিবারকে সহায়তা প্রদান করা হয়েছে। সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার চরশৈলাবাড়ী গ্রামের স্বামী পরিত্যক্ত ২৭ বছরের বুদ্ধি প্রতিবন্ধী মেয়েকে পাশের বাড়ীর মোঃ মাসুদ রানা (৪০), পিতা মোঃ আনোয়ার মুন্সি এবং আবুল কালাম টুকুল (৪৫) কর্তৃক ধর্ষনের ফলে তার গর্ভে একটি পুত্র সন্তান জন্ম গ্রহন করে। শিশুটির বর্তমান বয়স ১ মাস ১৫ দিন। বুদ্ধি প্রতিবন্ধী মেয়ের পুত্র সন্তানের পিতৃ পরিচয়ের জন্য ৩ জনকে আসামী করে সিরাজগঞ্জ কোর্টে মোকাম নারী ও শিশু দমন ট্রাইব্যুনাল-১ এ মামলা হয়। অতিদরিদ্র পরিবার হওয়ায় মামলা পরিচালনা ব্যয় তাদের জন্য কষ্টসাধ্য হয়ে দাড়িয়েছে।

এলক্ষ্যে এনডিপির পক্ষ থেকে আর্থিকভাবে সহযোগিতার পাশাপাশি ভিকটিম ও তার পরিবারের সদস্যদেরকে কাউন্সেলিং করা হয়। ৩১ আগস্ট ২০২১ তারিখে সংস্থার পক্ষ হতে আর্থিক অনুদান তুলে দেন এনডিপির উপ-পরিচালক (কর্মসূচি) জুবায়ের জাহান খান। এসময় সংস্থার প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির সহকারী ব্যবস্থাপক এবং মানবাধিকার কর্মী শিপন চন্দ্র নাগ উপস্থিত ছিলেন। এই ধরনের ঘটনা বা মামলার সুষ্ট তদন্তসহ আসামীদের দৃষ্টান্ত মূলক শাস্তি প্রদানের জন্য প্রশাসনের দৃষ্টি কামনা করেন ভূক্তভোগী পরিবার, এনডিপি কর্তৃপক্ষ, সিএসও কোয়ালিশনের সদস্যগণ ও সিরাজগঞ্জ জেলার মানবাধিকার কর্মীবৃন্দ।

# CGBV উপজেলা সোস্যাল সাপোর্ট কমিটি'র ত্রৈমাসিক সভা

সুইডিস সিডা এর অর্থায়নে এবং মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ) এর সার্বিক তত্বাবধানে Combating Gender Based Violence (CGBV) প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার অন্তর্গত সয়দাবাদ ও কালিয়া হরিপুর ইউনিয়নে পারিবারিক সহিংসতা রোধ, বাল্যবিয়ে, বহুবিবাহ, যৌতুক প্রথা, ইভটিজিংসহ নারী ও শিশু নির্যাতন দমন আইন, লিগ্যাল এইড সুবিধা ইত্যাদি নিয়ে কাজ করে যাচ্ছে। একইসাথে সুষ্ঠভাবে কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা কমিটি, ইউনিয়ন কমিটি ও ওয়ার্ড কমিটি গঠনের পাশাপাশি নারী দল, পুরুষ দল, যুব-যুবাদল নিয়ে কাজ করে যাচ্ছে।

প্রকল্পের ধারাবাহিক কার্যক্রমের অংশ হিসেবে উপজেলা সোস্যাল সাপোর্ট কমিটি'র ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। ৮ সেপ্টেম্বর ২০২১ সিরাজগঞ্জ পাবলিক লাইব্রেরী হল রুমে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন উপজেলা সোস্যাল সাপোর্ট কমিটির সভাপতি অবঃ অধ্যক্ষ মোঃ আব্দুর রাজ্জাক। এসময় বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়িত কার্যক্রমের অগ্রগতি ও প্রকল্পের উদ্দেশ্য নিয়ে মুক্ত আলোচনা করা হয়।




উপজেলা সোস্যাল সাপোর্ট কমিটির ত্রৈমাসিক সভার অংশ বিশেষ

মুক্ত অলোচনায় অংশগ্রহন করেন উক্ত কমিটির সদস্য ও এনডিপি'র নির্বাহী কমিটির চেয়ারপারসন আলেয়া আখতার বানু ও তাজমেরী হোসেন মুক্তি। এসময় এ্যাডভোকেট মাহবুবে-খোদা টুটুল সদর উপজেলার সয়দাবাদ ও কালিয়া হরিপুর ইউনিয়ন এ নারীর প্রতি সহিংসতা মোকাবেলা লক্ষ্যে যৌতুক ও বাল্যবিবাহ নিরোধ আইন, পারিবারিক নির্যাতন প্রতিরোধ ও সুরক্ষা আইন-২০১০ নিয়ে আলোচনা করেন। এছাড়াও সভায় উপজেলা সোস্যাল সাপোর্ট কমিটির সদস্যবৃন্দসহ সিজিবিভি প্রকল্পের (প্রকল্প সমন্বয়কারী) মোছাঃ আকতারী বেগম ও প্রকল্প কর্মকর্তা শারমিন আকতার উপস্থিত ছিলেন।

## মুজিব জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে সমৃদ্ধি কর্মসূচি'র বিশেষ স্বাস্থ্য ক্যাম্প

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে পরিচালিত সমৃদ্ধি কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। এনডিপি'র সহায়তায় নাটোর জেলার গুরুদাসপুর উপজেলায় এবং পাবনা জেলার বেড়া উপজেলায় ২০১৩ থেকে "দারিদ্র দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধিতে" কাজ করে যাচ্ছে। কর্মসূচির আওতায় খানা পরিদর্শনের মাধ্যমে স্বাস্থ্য সেবার পরামর্শ প্রদান, উঠান বৈঠকের মাধ্যমে পরামর্শ ও ফলোআপ করা, স্ট্যাটিক ও স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে চিকিৎসা সেবা ও ঔষধ প্রদান, স্বাস্থ্যসেবা ক্যাম্পেইন, চোখের ছানী অপারেশন, নিয়মিত ডায়াবেটিস পরীক্ষা ও রেফারেল সেবা প্রদান, পুষ্টিকর খাদ্য উৎপাদনে সহযোগিতা প্রদান, ভিক্ষুকদের বাসস্থান তৈরিসহ বিভিন্ন সেবামূলক কার্যক্রম বাস্তবায়ন করে আসছে।

এর-ই ধারাবাহিকতায় শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে কর্মসূচির আওতায় বিশেষ স্বাস্থ্য ক্যাম্পের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান করার উদ্যোগ গ্রহণ করা হয়। এলক্ষ্যে পাবনা জেলার বেড়া উপজেলার চাকলা ইউনিয়নে চক্ষু ও গাইনী বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা ২২ ও ২৫ আগষ্ট স্যাটেলাইট ক্যাম্পের আয়োজন করা হয়। ক্যাম্পেইন এর মাধ্যমে ৪৮ জন রোগীকে চক্ষুসেবার পাশাপাশি ৪৪ জন রোগীকে গাইনী সেবা প্রদান করা হয়। এর মাধ্যমে অত্র এলাকার অসহায় দরিদ্র-অতিদরিদ্র পরিবারের সদস্যগণ উপকৃত হয়েছেন।




চিকিৎসা সেবা প্রদান করছেন ডা: নজরুল ইসলাম (বিএনএসবি চক্ষু হাসপাতাল, বেড়া, পাবনা)

## শিক্ষা কর্মসূচি'র টেকসই উন্নয়নে তথ্য বিষয়ক আলোচনা



অনুষ্ঠানে উপস্থিত আছেন সিরাজগঞ্জ জেলা শিক্ষা কর্মকর্তা মোঃ শফী উল্লাহ

মূলত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের পড়া লেখার মান উন্নয়নের লক্ষ্যে ২০১০ সাল হতে শিক্ষা সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। সংস্থার নিজস্ব সিএসআর ফান্ড হতে এ কর্মসূচির সকল কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। কর্মসূচির আওতায় অনিয়মিত শিক্ষার্থীদের পাঠ দান, নিজস্ব শিক্ষা কেন্দ্রের মাধ্যমে পাঠ দান, অভিভাবকদের সাথে নিয়মিত আলোচনা, শিক্ষাবৃত্তি প্রদান ইত্যাদি সেবা প্রদান করা হয়। এছাড়াও বিভিন্ন সময় দাতা সংস্থার সহায়তায় ছাত্র-ছাত্রীদের শিক্ষা বিষয়ক সুবিধা প্রদান করা হয়।

ধারাবাহিক এ কার্যক্রমের অংশ হিসেবে শিক্ষা কর্মসূচির টেকসই উন্নয়নে তথ্য বিষয়ক আলোচনার আয়োজন করা হয়। ৮ সেপ্টেম্বর ২০২১ জেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে সিরাজগঞ্জ জেলা শিক্ষা কর্মকর্তা মোঃ শফী উল্লাহ, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এলিজা সুলতানা, এনডিপি'র উপ-পরিচালক কাজী মাসুদুজ্জামানসহ সিরাজগঞ্জ জেলা প্রেস ক্লাবের সভাপতি হেলাল আহমেদ অংশগ্রহণ করেন। গণসাক্ষরতা অভিযান এর সহযোগিতায় এসডিজি ৪.৭ অর্থাৎ বৈশ্বিক নাগরিকত্ব শিক্ষা এবং টেকসই উন্নয়ন শিক্ষার জন্য তথ্যের উৎসসমূহ চিহ্নিত করন, গুনগত মানসহ সময়মতো তথ্য সরবরাহ করার ক্ষেত্রে তথ্য প্রদানকারীগণ যে সকল সমস্যার সম্মুখীন হয়ে থাকে তা চিহ্নিত করণ এবং সমস্যা সমাধানের বিষয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।

মুক্ত আলোচনায় মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক, অভিভাবক, বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্য, স্থানীয় পর্যায়ে কর্মরত বেনবেইস কর্মকর্তা, সিভিল সোসাইটির প্রতিনিধি, স্থানীয় ও জাতীয় পর্যায়ের এনজিও'র প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

## ৪৬তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে সমৃদ্ধি কর্মসূচি'র দোয়া ও আলোচনা সভা



বঙ্গবন্ধুর শাহাদাত বার্ষিকীতে সমৃদ্ধি কর্মসূচির দোয়া মাহফিল

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬ তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে সমৃদ্ধি কর্মসূচি কর্তৃক দোয়া ও আলোচনা সভার আয়োজন করা হয়। কর্মসূচিটি পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে এনডিপি ২০১৩ থেকে বাস্তবায়ন করে আসছে। নাটোর জেলা গুরুদাসপুর উপজেলার মশিন্দা ইউনিয়ের সংস্থার কাছিকাটা শাখায় এ আয়োজন করা হয়। দোয়া ও আলোচনার পাশাপাশি কোভিড-১৯' এর টিকা গ্রহণের জন্য নিবন্ধনে সহায়তা প্রদান এবং জাতীয় শোক দিবস উপলক্ষ্যে স্ট্যাটিক ক্লিনিকের মাধ্যমে ৪৫ জনকে ফ্রি ঔষধ প্রদানসহ ৩০ জনের রক্তের গ্রুপ নির্ণয় এবং ৩৫ জনের উচ্চ রক্তচাপ পরিমাপ সম্পন্ন করা হয়েছে। অনুষ্ঠানে কর্মসূচির সমন্বয়কারী মোঃ কছিম উদ্দিনসহ শাখার অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## ICVGD ২য় পর্যায় প্রকল্পের উপজেলা পর্যায় অবহিতকরণ সভা

বাংলাদেশ সরকারের মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ইনভেস্টমেন্ট কম্পোনেন্ট ফর ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট (আইসিভিজিডি) ২য় পর্যায় প্রকল্পটি দেশের ৬৪ টি জেলার ৬৪ টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প বাস্তবায়নে কারিগরি সহযোগিতা করছে বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) এবং রংপুর ও রাজশাহী বিভাগের ১৬টি জেলার ১৬টি উপজেলায় লিড এনজিও হিসেবে কৌশলগত সহযোগিতা প্রদান করছে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। ডব্লিউএফপি এবং এনডিপি'র যৌথ সহযোগিতায় উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক অফিস কর্তৃক আয়োজিত প্রকল্প এলাকার ১৪ উপজেলায় প্রকল্পের অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সকল সভায় সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন সংশ্লিষ্ঠ উপজেলার উপজেলা নির্বাহী অফিসার এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংশ্লিষ্ঠ উপজেলার উপজেলা চেয়ারম্যান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর সংশ্লিষ্ট জেলা এবং উপজেলা ভাইস চেয়ারম্যান। ২টি সভায় প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব) মহোদয় ভার্চুয়ালি অংশহগ্রহন করেন। অবহিতকরণ সভার মূল অংশগ্রহনকারী ছিলেন উপজেলা ভিজিডি কমিটি, ইউনিয়ন ভিজিডি কমিটি, উপজেলা টেগ অফিসার, সাংবাদিক ও আইসিভিজিডি প্রকল্পের ৪জন করে উপকারভোগী। অবহিতকরণ সভার মূল আলোচনা ছিল আইসিভিজিডি ১ম পর্যায় প্রকল্পের সফলতার ভিডিও চিত্র প্রদর্শন, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে প্রকল্পের পরিচিতি, উদ্দেশ্য, মূলকার্যক্রম, সংশ্লিষ্ট বিভাগ বা স্টেকহোল্ডারদের দায়িত্ব এবং পরবর্তী কার্যক্রমসহ যাবতীয় বিষয়। আলোচনার সূত্র ধরে অংশগ্রহনকারীগণ তাদের মূল্যবান মতামত প্রদানসহ বিভিন্ন প্রশ্ন উপস্থাপন করেন এবং প্রশ্নের উত্তর প্রদানসহ তাদের মতামত গ্রহন করা হয়।

আইসিভিজিডি ২য় পর্যায় প্রকল্পের অবহিতকরণ সভায় সভাপতি হিসেবে উপস্থিত সকল উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ঠ সকল স্টেকহোল্ডারদের নিয়ে প্রকল্প বাস্তবায়ন করার আশ্বাস প্রদান করেন।




অবহিতকরণ সভায় সমাপনী বক্তব্য প্রদান করছেন নীলফামারী সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা

## BRAZH প্রকল্পের আওতায় জীবানুণাশক স্প্রে মেশিন বিতরণ

বিশ্ব খাদ্য সংস্থার অর্থায়নে Building Resilience to Achieve Zero Hunger (BRAZH) প্রকল্পটি ২০২০ হতে বাস্তবায়িত হচ্ছে। ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর দক্ষ কর্মকর্তাবৃন্দ মাঠ পর্যায়ে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করছে। ক্ষুধা নিবারণের অঙ্গীকার, খাদ্য নিরাপত্তা অর্জন, পুষ্টির উন্নতি এবং কৃষিখাতকে টেকসই উন্নয়নের সার্থে প্রকল্পটি কাজ করে যাচ্ছে। এরই মধ্যে প্রকল্পের মাধ্যমে বেশকিছু উল্লেখযোগ্য কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে, যা অত্র এলাকার দরিদ্র মানুষের জীবনে গুরুত্বপূর্ণ প্রভাব বিস্তার করবে বলে উল্লেখিত হয়েছে।



উপকারভোগীদের মাঝে স্প্রে মেশিন বিতরণের অংশ বিশেষ

একইসাথে কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলায় পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে ১০টি জীবানুণাশক স্প্রে মেশিন বিতরণ করা হয়। ২৪ আগস্ট ২০২১ প্রকল্প কার্যালয়ে ১০জন উপকারভোগীর মাঝে স্প্রে মেশিন বিতরণ করেন এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) ও প্রকল্পের ফোকাল পারসন কাজী মাসুদুজ্জামান। এছাড়াও এসময় সিনিয়র ব্যবস্থাপক (নিরীক্ষা) কে.এম. জাহাঙ্গীর আলম, ঋণ সহায়তা কর্মসূচির আঞ্চলিক ব্যবস্থাপক মো. নাসির উদ্দিন ও শাখা ব্যবস্থাপক মো. রবিউল ইসলাম উপস্থিত ছিলেন। বিতরণ অনুষ্ঠান পরিচালনা করেন ফিল্ড কো-অর্ডিনেটর (ব্রাজ) মোহাম্মদ মনোয়ার হোসেন।

## ৪৬তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে স্বাস্থ্যসেবা কর্মসূচির'র উদ্যোগে ফ্রি স্বাস্থ্য ক্যাম্প

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে ফ্রি স্বাস্থ্য ক্যাম্পের আয়োজন করে বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। এনডিপি'র স্ব অর্থায়নে পরিচালিত স্বাস্থ্যসেবা কর্মসূচির উদ্যোগে এ আয়োজন করা হয়। সংস্থার ঋণ সহায়তা কর্মসূচির ১২টি শাখায় স্বাস্থ্যসেবা কর্মসূচির কার্যক্রম চলমান রয়েছে। এতে ১২ জন চিকিৎসা সহকারী নিয়মিত সেবা প্রদান করে থাকেন। এছাড়া বঙ্গবন্ধুর শাহাদৎ বার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত বিশেষ স্বাস্থ্যক্যাম্পের মাধ্যমে এমবিবিএস ডাক্তার দারা চিকিৎসা সেবা প্রদান করা হয়। ১২টি ক্যাম্পের মাধ্যমে আনুমানিক ৮০০ জন অসহায় মানুষকে চিকিৎসা সেবা প্রদান করা হয়। এর মাধ্যমে গরিব ও অসহায় মানুষ সঠিক চিকিৎসা পাবে বলে আশাবাদ ব্যক্ত করেন সংস্থার ঋণ সহায়তা কর্মসূচির পরিচালক মোসলেম উদ্দিন আহমেদ।




চিকিৎসা সেবা প্রদানেরদ

# "বঙ্গবন্ধু স্মরণে কবিতা"

## দর্শনে বঙ্গবন্ধু

মোঃ ফরিদুল ইসলাম ফরিদ

শত দর্শনে খুঁজি বাংলার ছবি
বঙ্গবন্ধু! তুমি ছাড়া কিছু নাহি দেখি।
জন্মের শত বছর পরেও তুমি মহান-মহিয়ান,
হয়ে রবে স্থপতি হয়ে, যতদিন রবে বাংলার নাম।

উদাত্ত আহবানে স্ফুরিত ছিল জনমন
কাঁধে কাঁধ রেখে করেছিল জুলুমের মুলোৎপাটন।
বঞ্চিত শোষিতের ভাবনায় সদা কাঁদে মন
অবারিত মনোপ্রাণে ছিল গরীব দুখী সাধারণ।

সোনার বাংলা হবে, হবে স্বপ্নের বাংলাদেশ
ক্ষুধা, দারিদ্র, বাসস্থান সমস্যা চিরতরে করবো শেষ,
প্রাণপ্রিয় মাতৃভূমি আর আদরের জনগণ
জীবনের চেয়েও ছিল প্রিয় মোর মাতৃসম ভূতল।

শুনে রাখ বেইমান ওরে স্বার্থপরের দল
মরিলেও কাঁদিবে ভুবন এমনই কর্মে চল,
যতদিন রবে প্রতিটি প্রাণ, ধ্বংসের আগে বহমান
দর্শনে রবে বঙ্গবন্ধু, হৃদয়ের মণিকোঠায় মুজিব নাম।

## হৃদয় বীণার তরে

মোঃ আঃ হান্নান

হৃদয় বীণার তরে, খুজিতে হয়না যারে
অগোচরে বাজে সেই সুর হৃদয় মন্দিরে সুমধুর,
সেই মহান নাম, বঙ্গবন্ধু মুজিবর রহমান।
লক্ষ প্রাণের তরে ধ্বণিত হয় স্মৃতির মন্দিরে
রচিত হবে চিরকাল,
বঙ্গবন্ধু তোমারী জীবনকাল।
পুষ্পের ন্যায় উদারতা, প্রকাশিত হয়েই যাবে
মৃত্যুর পরেও যার নাম
তুমি বঙ্গবন্ধু মুজিবর রহমান।
লিখনী, বাঁশি আর গানে, তুমি রবে বাঙ্গালীর প্রাণে
কভু ভুলিবনা তোমার নাম
হে বঙ্গবন্ধু মুজিবর রহমান।
যতদিন রবে প্রভাকর, চাঁদ তারা ধরণীর পর
ততদিন হয়ে রবে, আদর্শে মহান
হে বঙ্গবন্ধু মজিবর রহমান।

# ৪৬তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে LRMP প্রকল্পের উদ্যোগে ফলজ বৃক্ষ বিতরণ




বৃক্ষ রোপন অনুষ্ঠানে উপস্থিত আছেন কামারখন্দ উপজেলা পরিষদ চেয়ারম্যান এস.এম শহিদুল্লাহ সবুজ

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে লাইভস্টক রিস্ক মিটিগেশন প্রকল্পের উদ্যোগে ফলজ বৃক্ষ বিতরণ করা হয়েছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়ন করছে। এর-ই ধারাবাহিকতায় সংস্থার জামতৈল শাখার উদ্যোগে গবাদি প্রাণি সুরক্ষা সেবা কার্যক্রমের গরু হৃষ্টপুষ্টকরন প্রশিক্ষণে ৫০ জন খামারিকে ফলজ বৃক্ষ উপহার দেয়া হয়।

১৮ আগস্ট ২০২১ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কামারখন্দ উপজেলা পরিষদ চেয়ারম্যান এস.এম শহিদুল্লাহ সবুজ। এসময় তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে আলোচনার পাশাপাশি পরিবেশের ভারসম্য রক্ষার বৃক্ষের প্রয়োজনীয়তা উল্লেখ করেন। একইসাথে উপস্থিত সকলকে বেশি বেশি গাছ লাগানোর আহবান জানান এবং এনডিপি থেকে প্রাপ্ত ফলজ বৃক্ষের নিয়মিত পরিচর্যা করার পরামর্শ প্রদান করেন। এসময় কামারখন্দ উপজেলা প্রাণিসম্পদ অফিসার ডাঃ মোঃ আবু ছাইদ আকন্দ এবং প্রকল্প কর্মকর্তা ডঃ মোঃ সাজ্জাদ হোসেন উপস্থিত ছিলেন।

# Combating Early Marriage in Bangladesh-CEMB প্রকল্পের কার্যক্রম

**CEMB** প্রকল্পের একটি উল্লেখযোগ্য ফলাফল ছিল শিশু এবং যুবকদের জন্য সুরক্ষা নীতিমালা তৈরি করা যা এনডিপি বোর্ড দ্বারা ইতোমধ্যেই অনুমোদিত হয়েছে এবং নীতিটি তাদের নিজ নিজ সহকর্মীর সাথে সমন্বয় করার জন্য বিভাগীয় প্রধানদের নিকট হস্তান্তর করা হয়েছে। এছাড়া প্রকল্পের ডিভিশনাল ম্যানেজার সাব্বির আহমেদ এনডিপি'র পরিচালকবৃন্দ এবং প্রধান কার্যালয়ে কর্মরত সিনিয়র স্টাফদের সাথে দুটি ব্যাচের মাধ্যেমে ওরিয়েন্টেশন সেশন পরিচালনা করেন।

## R2iG প্রকল্পের আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস

দি এশিয়া ফাউন্ডেশানের সহযোগিতায় এনডিপি কর্তৃক বাস্তবায়িত রাইট টু ইনফরমেশান ফর গুড গভার্ন্যান্স (আরটুআইজি) প্রকল্পের উদ্যোগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২১ উদ্‌যাপন করা হয়েছে। ২৮ সেপ্টেম্বর ২০২১ দিবস উদ্‌যাপনের লক্ষ্যে সিরাজগঞ্জ জেলা প্রশাসক সম্মেলন কক্ষে এ্যাডভোকেসি ওয়ার্কশপ ও আলোচনা সভার আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন সিরাজগঞ্জ জেলার সুযোগ্য জেলা প্রশাসক ও জেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট ড. ফারুক আহাম্মদ। ''এসময় তিনি তথ্য অধিকার আইন ২০০৯ এর প্রয়োগ এবং জনগণের স্বেচ্ছায় অংশগ্রহণের কথা উল্লেখ করেন। একইসাথে তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়নে সেবাদানকারী বিভিন্ন প্রতিষ্ঠানসমুহের তথ্য সেবার মান উন্নয়নের বিষয়ে আলোচনা করেন।'' অনুষ্ঠানে সিরাজগঞ্জ জেলা প্রশাসনের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি এবং উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা) শারমিন সুলতানা ও জেলা প্রেসক্লাব সভাপতি হেলাল আহমেদ উপস্থিত ছিলেন।



সভায় বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ জেলার সুযোগ্য জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ

আলোচনা সভা পরবর্তীতে জেলার প্রাণ কেন্দ্রে অবস্থিত 'মুক্তমঞ্চ' ও এর পার্শ্ববর্তী বিভিন্ন অঞ্চলে তথ্য অধিকার বিষয়ে পথ নাটক প্রদর্শন করা হয়। নাটক প্রদর্শন করেন প্রকল্পের ভলান্টিয়ারগণ। এসময় প্রকল্পের (প্রকল্প সমন্বয়কারী) নুরুন নাহার চৌধুরী ও প্রকল্প কর্মকর্তা স্বপ্না সেনসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## চরাঞ্চলে M4C প্রকল্পের বাণিজ্যিকভাবে দেশি মুরগী পালন

সুইচ ডেভেলপমেন্ট কোপারেশন (এসডিসি) এর আর্থিক সহায়তায় এমফোরসি ফেজ-৩ প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। জামালপুর জেলায় মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়ন করছে বেসরকারী সেচ্ছাসেবী সংস্থর ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। প্রকল্পের মাধ্যেমে জামালপুর জেলার শরিষাবাড়ী উপজেলার পিংনা ইউনিয়নের যমুনার দুর্গম চরের নলসংন্ধা ও মীরকুঠিয়া গ্রামে পরীক্ষামুলক বানিজ্যিকভাবে স্থানীয় খামারীদের মাধ্যমে দেশি মূরগী পালন কার্যক্রম শুরু করা হয়েছে।



প্রকল্পের আওতাভূক্ত একজন উপকারভোগী

এই কার্যক্রম বাস্তবায়নে স্থানীয় সততা মুরগী হ্যাচারী ও ফার্মের সাথে এমফোরসি প্রকল্প চুক্তি সম্পাদন করে যার মাধ্যমে দেশী মূরগীর বাচ্চা উৎপাদন, খামারী প্রশিক্ষণ, প্রর্দশনী খামার তৈরি, অভিজ্ঞতা বিনিময় সফর, স্থানীয় ভ্যাক্সিনেটর তৈরিসহ নানাবিধ কার্যক্রম বাস্তবায়ন করা হয়। প্রথম চক্রে ৩০ জন উৎসাহী খামারীর প্রত্যেকেই ৫০টি করে বাচ্চা ক্রয় করে এবং তিন মাস প্রতিপালন করে মুরগী গুলো বিক্রয় উপযোগী করে তোলে। তিন মাসের ব্যবধানে প্রতিটি মুরগীর গড় ওজন হয় ৯০০ গ্রাম থেকে ১ কেজি । খামারীরা প্রতি কেজি মুরগী গড়ে ৩৪০ টাকা কেজি দামে বিক্রয় করে এবং প্রতিটি খামারী ১ম চক্রে ৭০০০ টাকা থেকে ৯০০০ টাকা পর্যন্ত লাভ করে। দেশি মুরগী পালন কার্যক্রম চরের মানুষের আয় বাড়াতে ও জীবনমান পরিবর্তনে ইতিবাচক ভূমিকা রাখছে। বর্তমানে ২য় চক্রে ৫০ জন খামারী পুণরায় মুরগী পালন করছে এবং নতুন অর্থনৈতিক কার্যক্রম হিসেবে বানিজ্যিকভাবে দেশি মূরগী পালন কার্যক্রম চরাঞ্চলে সাড়া ফেলে দিয়েছে।

# ৩০তম বার্ষিক সাধারণ সভা

বাংলাদেশ এর অন্যতম বেসরকারী সেচ্ছাসেবী সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর ৩০তম বার্ষিক সাধারণ সভার আয়োজন করা হয়। ৩১ জুলাই ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার শুরুতেই এনডিপি পরিবারের বিগত ১ বছরের মধ্যে মৃত্যুবরণকারী সকলের আত্নার মাগফিরাত কামনা করা হয়। এছাড়া এনডিপি পরিবারের করোনায় আক্রান্ত সকলের দ্রুত সুস্থতা কামনা করা হয়।

সভায় ২০২১-২০২২ অর্থ বছরের জন্য ৯০৫ কোটি টাকার বাজেট পাশ হয়। এছাড়া ৪৪টি প্রকল্প ও কর্মসূচি অনুমোদন করা হয়। উল্লেখ্য করোনা মহামারির মধ্যেও এনডিপির বাজেট গতবারের তুলনায় ১৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে। প্রতি বছরের ন্যায় এবছরও সংস্থার প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে সভাটি অনুষ্ঠিত হয়। কোভিড-১৯ এর ঝুকি এড়াতে স্বাস্থ্যবিধি মেনে সভার আয়োজন করা হয়। সংস্থার কার্যনির্বাহী কমিটির সম্মানিত চেয়ারপারসন আলেয়া আকতার বানু'র সভাপতিত্বে উপস্থিত ছিলেন সংস্থার কার্যনির্বাহী কমিটির সাধারণ সম্পাদক, এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। এসময় এনডিপির চেয়ারপারসন ও সভার সভাপতি আলেয়া আকতার বানু বলেন, প্রতি বছরই এনডিপি যেভাবে এগিয়ে যাচ্ছে আমি সত্যি খুব আনন্দিত। এনডিপি এর সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারী যেভাবে তাদের মেধা ও শ্রম দিয়ে নির্বাহী পরিচালকের নির্দেশনায় কাজ করছে তা অবশ্যই প্রশংসনীয়। আশা করছি এনডিপি তার উন্নয়নের ধারাবাহিকতা অক্ষুন্ন রাখবে।




বক্তব্য দিচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান

সভায় নির্বাহী পরিচালক ও কার্যনির্বাহী কমিটির সাধারণ সম্পাদক মোঃ আলাউদ্দিন খান বলেন, এনডিপি দিন দিন কাংখিত লক্ষ্যের দিকে এগিয়ে যাচ্ছে। উন্নয়ন সংস্থা হিসেবে এনডিপি'র কাছে দরিদ্র জনগোষ্ঠীর প্রত্যাশা বেড়ে গেছে। এনডিপিও সে প্রত্যাশা পূরণে সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি আরো বলেন- এনডিপি আজকে যে অবস্থানে এসেছে এর পিছনে এনডিপির কার্যনির্বাহী কমিটি, সাধারণ পরিষদ, কর্মকর্তা, কর্মচারীদের অবদান অসামান্য।

এছাড়াও পরিকল্পনার অংশ হিসেবে কর্ম এলাকা বৃদ্ধির জন্য রাজশাহী ও রংপুর জেলার আরও ৫টি জেলা অন্তর্ভূক্তসহ স্বাস্থ্যসেবার মান উন্নয়নে সংস্থার নিজস্ব হাসপাতাল স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বলে নিশ্চিত করেন সংস্থার নির্বাহী পরিচালক। সভায় এনডিপি'র কার্যনির্বাহী কমিটি ও সাধারণ পরিষদের সদস্যবৃন্দসহ সংস্থার উর্ধ্বতন কর্মকর্তা ও বিভিন্ন বিভাগের প্রধানগণ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, এনডিপি বর্তমানে বাংলাদেশের ১৮টি জেলায় প্রায় ৮ লক্ষাধিক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক ও মানবিক উন্নয়নে ৪৪টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করছে।


## কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া

- সভা কক্ষ (এসি) : ৮,০০০.০০ টাকা
- প্রশিক্ষণ কক্ষ (এসি) : ৪,০০০.০০ টাকা

## খাবারের মূল্য তালিকা

| | | |
|---|---|---|
| সকালের নাস্তা | : | ৭০ টাকা (রুটি/পরটা/খিচুড়ি, মিক্সড ভেজিটেবল/ডাল, ডিম ও চা) |
| লাঞ্চ/ডিনার | : | (১৭০ টাকা প্লেন রাইস, চিকেন/মাটন/ফিস, মিক্সড ভেজিটেবল এবং ল্যান্টল সুপ) |
| নাস্তা | : | ৩০ টাকা (সিঙ্গারা/সামুচা, কেক ও চা) |
| চা | : | ১০ টাকা (প্রতি কাপ) |
| কফি | : | ২০ টাকা (প্রতি কাপ) |
| কোমল পানীয় | : | ৪৫ টাকা (২৫০ মিলি ক্যান)/ ২০ টাকা (২৫০ মিলি বোতল) |
| দই | : | ৪০ টাকা (১০০ গ্রাম) |
| মিনারেল ওয়াটার | : | ১৫ টাকা (৫০০ মিলি বোতল) |

সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও সার্ভিস চার্জ যুক্ত হবে।
আলোচনা সাপেক্ষে যে কোন স্পেশাল ডিস সার্ভ করা হয়।

## ডাইনিং সুবিধা

৯০ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন একটি সুসজ্জিত ডাইনিং রুম এবং ৩৬ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন শীতাতপ নিয়ন্ত্রিত একটি ডাইনিং রুম।

## ডরমেটরী

| | | | |
|---|---|---|---|
| সাধারণ নন এসি কক্ষ | : | ৬০০.০০ | টাকা (ডাবল বেড) |
| এসি (ভিআইপি) কক্ষ | : | ১,০০০.০০ | টাকা (ডাবল বেড) |
| ডিলাক্স (এসি) কক্ষ | : | ১,৫০০.০০ | টাকা (ডাবল বেড) |
| লাক্সারি (এসি) কক্ষ | : | ১,২০০.০০ | টাকা (সিঙ্গেল বেড) |

## বুকিং সুবিধা ঃ

প্রশিক্ষণ সুবিধার জন্য ১৫ দিন আগে বুকিং করা যায়। লিখিত বুকিং অগ্রাধিকার দেওয়া হয়। ই- মেইলএ যোগাযোগ করা যেতে পারে। বুকিং বাতিল করতে ন্যূনতম ৭ দিন আগে জানাতে হবে।

## অন্যান্য সুবিধা ঃ

- কম্পিউটার / ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- সাউন্ড সিস্টেম
- ইন্টারনেট
- টেলিফোন
- ফটোকপি ও বাইন্ডিং
- গাড়ি ভাড়া



যোগাযোগ ঃ

ব্যবস্থাপক (প্রশিক্ষণ কেন্দ্র)

এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩

টেলিফোন: ০৭৫১-৬৩৮৭৬, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০৬, ফ্যাক্স: +৮৮-০৭৫১-৬৩৮৭৭

ই-মেইল: akhan_ndp@yahoo.com, ওয়েবসাইট : www.ndpbd.org